



**GOVERNMENT OF TRIPURA**  
**REVENUE DEPARTMENT**  
(Directorate of Land Records & Settlement)  
Palace Compound, Agartala

## জনগণের স্বার্থে, জনগণের সাথে

**১. জমির রেকর্ড এখন আরও সহজ, দ্রুত ও স্বচ্ছ:** জমি মানুষের জীবনের সঙ্গে গভীরভাবে জড়িয়ে। জমি কেনা-বেচা, উত্তরাধিকার, ঋণ গ্রহণ কিংবা নিজের সম্পত্তির অধিকার নিশ্চিত করা -- প্রতিটি ক্ষেত্রেই নির্ভুল জমির রেকর্ড অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সময়ের সঙ্গে তাল মিলিয়ে ভূমি ব্যবস্থাপনাকেও হতে হয়েছে আরও সহজ, স্বচ্ছ ও প্রযুক্তিনির্ভর।

**২. ডিজিটাল ইন্ডিয়া ও জমির রেকর্ড:** ডিজিটাল ইন্ডিয়া ল্যান্ড রেকর্ড আধুনিকীকরণ প্রোগ্রামের (DILRMP) আওতায় ত্রিপুরায় ভূমি রেকর্ডের ডিজিটাল রূপান্তর সেই পরিবর্তনেরই একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। দীর্ঘদিনের প্রচলিত ব্যবস্থাকে আধুনিক প্রযুক্তির সঙ্গে যুক্ত করে তৈরি হয়েছে এমন একটি ব্যবস্থা, যেখানে জমি সংক্রান্ত তথ্য আরও সহজে পাওয়া যায়, কাজ দ্রুত সম্পন্ন হয় এবং রেকর্ড সংরক্ষণ হয় আরও নিরাপদভাবে।

এই উদ্যোগ শুধু প্রযুক্তির পরিবর্তন নয়। এই পদ্ধতির নাগরিকের সময়, পরিশ্রম ও হয়রানি কমানোর একটি প্রয়াস। একই সঙ্গে এটি তৈরি করেছে স্বচ্ছ প্রশাসন এবং আরও সহজ ব্যবসায়িক পরিবেশের ভিত্তি।

**৩. সম্পূর্ণ ডিজিটাল ভূমি রেকর্ড:** এই পরিবর্তনের অগ্রগতি ইতিমধ্যেই উল্লেখযোগ্য। ত্রিপুরায় ৯৯.৯০% Record of Rights (RoR) এবং ৯৭.৮% Cadastral Map (মৌজা মানচিত্র) ডিজিটাল করা হয়েছে।

এটি কেবল সংখ্যার সাফল্য নয়। এর অর্থ হলো জমি সংক্রান্ত তথ্য এখন আরও সুস্থূলভাবে সংরক্ষিত, সহজে অনুসন্ধানযোগ্য এবং ভবিষ্যতের জন্য নিরাপদ। অনলাইনে বিভিন্ন পরিষেবা চালু হওয়ায় জমি সংক্রান্ত কাজের জন্য বারবার সরকারি দপ্তরে যাওয়ার প্রয়োজন কমেছে। এতে সময় ও যাতায়াতের খরচ কমেছে, বিশেষ করে গ্রামীণ এলাকার মানুষ, মহিলা এবং প্রবীণ নাগরিকরা উপকৃত হচ্ছেন। দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে অনলাইন পরিষেবার প্রসারের পাশাপাশি ত্রিপুরাতেও RoR ও অন্যান্য ভূমি সংক্রান্ত পরিষেবা ডিজিটাল ব্যবস্থার মাধ্যমে আরও সহজলভ্য হয়েছে। দীর্ঘদিনের অপেক্ষা এবং অপ্রয়োজনীয় দাপ্তরিক জটিলতা কমিয়ে নাগরিক পরিষেবাকে আরও দ্রুত করার পথ তৈরি হয়েছে। ডিজিটাল ব্যবস্থার ফলে নামজারি (Mutation)-এর মতো গুরুত্বপূর্ণ পরিষেবাও আরও স্বচ্ছ ও সহজ হয়েছে। নিজের জমির রেকর্ড সম্পর্কে তথ্য পাওয়া থেকে শুরু করে সম্পত্তির অধিকার সংক্রান্ত কাজ, সব ক্ষেত্রেই নাগরিকের সক্ষমতা বাড়ে।

**৪. ব্যবসার ক্ষেত্রেও নতুন সুযোগ:** আধুনিক ভূমি ব্যবস্থাপনা শুধু সাধারণ নাগরিকের সুবিধাই বাড়ায় না; এটি বিনিয়োগ ও ব্যবসার পরিবেশকেও আরও সহজ করে। ডিজিটাল জমি রেকর্ডের ফলে জমির মালিকানা যাচাই এবং প্রয়োজনীয় তথ্য পাওয়ার প্রক্রিয়া আরও দ্রুত ও স্বচ্ছ হয়েছে। এর ফলে দীর্ঘ ও জটিল প্রক্রিয়াগত বিলম্ব কমেছে, যা শিল্প ও বিনিয়োগের ক্ষেত্রে ইতিবাচক পরিবেশ তৈরি করেছে। বিশ্বস্ত ও সহজলভ্য ডিজিটাল রেকর্ড থাকলে আর্থিক প্রতিষ্ঠানগুলিও জমি সংক্রান্ত নথি যাচাই করে দ্রুত সিদ্ধান্ত নিতে পারে।

একই সঙ্গে জমি-সংক্রান্ত বিরোধ ও প্রতারণার সম্ভাবনা কমানোর ক্ষেত্রেও ডিজিটাল রেকর্ড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জমির অবস্থান ও তথ্যকে ডিজিটাল spatial records-এর সঙ্গে যুক্ত করার ফলে ভূমি ব্যবস্থাপনা আরও তথ্যভিত্তিক ও আধুনিক হয়ে উঠছে। এর সুফল পৌঁছাচ্ছে নাগরিক পরিষেবা থেকে শুরু করে পরিকল্পনা ও উন্নয়নমূলক কাজেও।

এই পরিবর্তন শুধু রেকর্ডের ডিজিটাইজেশন নয়, এই পরিবর্তনের লক্ষ্য কেবল পুরনো কাগজের রেকর্ডকে ডিজিটাল করা নয়। লক্ষ্য আরও বড়-- একটি এমন ভূমি ব্যবস্থাপনা গড়ে তোলা, যেখানে তথ্য হবে নির্ভরযোগ্য, পরিষেবা হবে সহজ, প্রক্রিয়া হবে স্বচ্ছ এবং নাগরিকের সময়ের মূল্য থাকবে সর্বোচ্চ।

ডিজিটাল ভূমি ব্যবস্থার এই অগ্রযাত্রা ত্রিপুরার প্রশাসনিক ব্যবস্থাকে আরও আধুনিক ও নাগরিককেন্দ্রিক করে তুলছে। এই পরিবর্তন শুধু একটি ডিজিটাল পরিবর্তন নয়, এর ফলে মানুষের সঙ্গে সরকারের সম্পর্কে আরও সহজ, স্বচ্ছ ও বিশ্বাসযোগ্য করে তোলাও নিশ্চিত হচ্ছে।

## রাজস্ব দপ্তরের বিভিন্ন অনলাইন পরিষেবা

1. সম্পত্তি নিবন্ধনের জন্য অনলাইন অ্যাপয়েন্টমেন্ট বুকিং (NGDRS): নাগরিকরা অনলাইনে সম্পত্তি নিবন্ধনের তথ্য জমা দিয়ে অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারবেন। <https://ngdrs.tripura.gov.in>
2. ই-আরওআর (খতিয়ানের অনলাইন সরবরাহ): নাগরিকরা CSC কেন্দ্রের মাধ্যমে কম্পিউটারাইজড খতিয়ান সংগ্রহ করতে পারবেন। <https://jamipariseva.tripura.gov.in/lrservice/login.jsp>
3. অনলাইনে ভূমি রাজস্ব পরিশোধ: নাগরিকরা সরকারি পোর্টালে গিয়ে অনলাইনে ভূমি রাজস্ব পরিশোধ করতে পারবেন। <https://jamipariseva.tripura.gov.in/lrservice/login.jsp>
4. অনলাইন মিউটেশন পরিষেবা: নাগরিকরা অনলাইনে মিউটেশনের জন্য (নামজারি) আবেদন করতে পারবেন। <https://www.dlrstripura.in>
5. অনলাইনে ভূমির সীমানা নির্ধারণ পরিষেবা: নাগরিকরা অনলাইনে ভূমির সীমানা নির্ধারণের জন্য (ডিমারকেশন) আবেদন করতে পারবেন। <https://rccms.tripura.gov.in>
6. অনলাইনে জমির শ্রেণি পরিবর্তন / ভূমির ব্যবহার পরিবর্তন (CLU): নাগরিকরা অনলাইনে জমির শ্রেণি পরিবর্তনের জন্য আবেদন করতে পারবেন। <https://clu.tripura.gov.in>

ICAID | 1176 | 26